দামুড়হুদার হাউলী ইউনিয়নের ইউপি সদস্য আব্দুল হান্নান আর নেই

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য ও হাউলী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুল হান্নান (হান্নান) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তাঁর মৃত্যুতে বিভিন্ন মহল শোক প্রকাশ করেছে।

পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা গেছে, তিনি হাউলী ইউনিয়নের পুরাতন বাস্তপুর গ্রামের আক্কাচ গোয়ালার ছেলে। দীর্ঘদিন ধরে অসুস্থ থাকায় তাঁকে ঢাকার নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল মঙ্গলবার দুপুর আনুমানিক ২টার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মরহুম আব্দুল হান্নান হাউলী ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের নির্বাচিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করছিলেন। পাশাপাশি তিনি হাউলী ইউনিয়ন কৃষকদলের সভাপতির দায়িত্বেও ছিলেন। তাঁর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। রাজনৈতিক, সামাজিক এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বুধবার সকাল ৯টায় নিজ গ্রাম পুরাতন বাস্তপুর কবরস্থানে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। জানাজা শেষে সেখানেই তাঁর দাফন সম্পন্ন করা হবে।

আল্লাহ তাআলা মরহুমকে জান্নাতুল ফেরদাউস নসিব করুন এবং শোকসন্তপ্ত পরিবারকে এ শোক সইবার তৌফিক দান করুন।

রিটের নামে প্রহসন বন্ধের দাবিতে হাউলী ইউনিয়নে মানববন্ধন আজ

“রিটের নামে প্রহসন বন্ধ করো, হাউলী ইউনিয়ন পরিষদে অবিলম্বে নির্বাচন চাই” এই স্লোগানকে সামনে রেখে হাউলী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আজ বুধবার বেলা ১১টায় এক মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হবে। ইউনিয়নবাসীর উদ্যোগে আয়োজিত এ কর্মসূচিতে স্থানীয় জনসাধারণ, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করবেন বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, সীমানা সংক্রান্ত জটিলতা ও একাধিক রিট আবেদনের কারণে প্রায় এক যুগ ধরে হাউলী ইউনিয়ন পরিষদের নির্বাচন বন্ধ রয়েছে। ২০১১ সালের নির্বাচিত জনপ্রতিনিধিরাই এখনো দায়িত্ব পালন করছেন। এতে করে ইউনিয়নবাসীর মধ্যে দীর্ঘদিনের ক্ষোভ ও হতাশা বিরাজ করছে।

ইউনিয়নবাসীর অভিযোগ, গত ৫ আগস্টের পর আর কোনো মামলা না থাকলেও সম্প্রতি হাউলী ইউনিয়ন পরিষদের চারজন অসাধু ইউপি সদস্য নির্বাচন ও প্রশাসক নিয়োগ স্থগিত চেয়ে পুনরায় হাইকোর্টে রিট আবেদন করেছেন। ফলে আবারও নির্বাচন প্রক্রিয়া অনিশ্চয়তার মুখে পড়েছে।

মানববন্ধন আয়োজকরা জানান, বারবার নির্বাচনে প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং অবিলম্বে নির্বাচন অনুষ্ঠানের দাবিতেই এ কর্মসূচি পালন করা হচ্ছে। তারা বলেন, “গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আমরা শান্তিপূর্ণভাবে মানববন্ধন করছি। দ্রুত নির্বাচন দিয়ে জনগণের ভোটাধিকার নিশ্চিত করতে হবে।”এদিকে মানববন্ধন ঘিরে এলাকায় ব্যাপক আলোচনা সৃষ্টি হয়েছে। শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে আয়োজকরা জানিয়েছেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য বিতরণে বিশৃঙ্খলা ও জনদুর্ভোগ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর পণ্য বিতরণকে কেন্দ্র করে চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে। ডিলারের অব্যবস্থাপনা ও দায়িত্বহীনতার কারণে সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ ও উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে বাগবিতণ্ডা ও হাতাহাতির ঘটনাও ঘটে। গতকাল বুধবার বেলা ১০টার দিকে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, টিসিবির ডিলার দর্শনা পুরাতন বাজারের কামাল উদ্দিন মার্কেটের এবি ট্রেডার্স, যার স্বত্বাধিকারী আল আমিন। গতকাল সকালে কোনো পূর্বঘোষণা ছাড়াই আনুমানিক সকাল ৭টার দিকে হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য বিতরণ শুরু করা হয়। পণ্য বিতরণ বিষয়ে ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারকেও আগে থেকে জানানো হয়নি বলে জানা গেছে।

এদিন হাউলী ইউনিয়নে মোট ১ হাজার ১১২টি টিসিবির পণ্য সরবরাহ করা হয়। অথচ ইউনিয়নে টিসিবির অ্যাক্টিভ কার্ড রয়েছে ১ হাজার ৪৫১টি। ফলে শুরু থেকেই পণ্যের ঘাটতি দেখা দেয়। এর ওপর পণ্য বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয় অত্যান্ত বিশৃঙ্খলা ও মাত্র একটি অ্যাপের মাধ্যমে, যার ফলে বিতরণ প্রক্রিয়া অত্যন্ত ধীরগতিতে চলতে থাকে। পণ্য নিতে আসা উপকারভোগীদের জন্য কোনো লাইনের ব্যবস্থা ছিল না। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অপেক্ষা করেও অনেক মানুষ পণ্য না পেয়ে ক্ষুব্ধ হয়ে ফিরে যেতে বাধ্য হন। দীর্ঘ অপেক্ষা, বিশৃঙ্খলা ও অব্যবস্থাপনার কারণে কয়েক দফা বাগবিতণ্ডা ও হাতাহাতির ঘটনাও ঘটে এবং পন্য বিতরণ বন্ধ হয়ে যায় বলে জানান প্রত্যক্ষদর্শীরা। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি শান্ত করে এবং নিয়ন্ত্রণে আনে।

টিসিবির পন্য নিতে আসা বৃদ্ধ সায়েফ আলী বলেন, এত ভোগান্তি কোনদিন হয়নি। এ যেনো মগের মুল্লুক। পরিকল্পিত ভাবে সরকারের মহতি উদ্যোগকে নস্যাৎ করার পায়তারা। বিশৃঙ্খলা হলে মানুষ থাকবে

না এটাই স্বাভাবিক। সেই সুযোগটাই নিচ্ছে এরা।

পরবর্তীতে ট্যাগ অফিসার আতিকুর রহমান এবং হাউলী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান সরাসরি ঘটনাস্থলে হস্তক্ষেপ করেন। তাদের তত্ত্বাবধানে এবং হাউলী ইউনিয়ন যুবদল ও ছাত্রদল কর্মীদের সহায়তায় পুনরায় সুশৃঙ্খলভাবে টিসিবির পণ্য বিতরণ কার্যক্রম শুরু করা হয়।

বিশেষ করে ট্যাগ অফিসার ও ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তার আহ্বানে হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফের তত্ত্বাবধানে লাইনের ব্যবস্থা, শৃঙ্খলা রক্ষা এবং পণ্য বিতরণ কার্যক্রম অল্প সময়ে নিয়ন্ত্রিতভাবে সম্পন্ন করা হয়। এতে দীর্ঘ সময় অপেক্ষায় থাকা উপকারভোগীরা শান্তভাবে পণ্য গ্রহণ করতে সক্ষম হন।

উপকারভোগীরা জানান, শুরুতে চরম ভোগান্তির শিকার হলেও শেষ পর্যায়ে প্রশাসনিক কর্মকর্তাদের দায়িত্বশীল ভূমিকা এবং যুবদল ও ছাত্রদল কর্মীদের সহযোগিতায় সুশৃঙ্খলভাবে পণ্য বিতরণ সম্পন্ন হওয়ায় তারা সন্তোষ প্রকাশ করেন।

স্থানীয়দের অভিযোগ, সঠিক পরিকল্পনার অভাব, পর্যাপ্ত অ্যাপ ব্যবহারের ব্যবস্থা না থাকা, আগাম ঘোষণার ঘাটতি এবং বিশৃঙ্খলা সৃষ্টির কারণেই পুলিশ আসতে বাধ্য হয়েছে। এত বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে যে রাগে ক্ষোভে ও অভিমানে অনেক মানুষ চলে গেছে। যেখানে পন্যের ঘাটতি, সেখানে সব পণ্য বিতরণ শেষ হয়ে যাওয়ার কথা, কিন্তু শেষ পর্যন্ত অনেক গুলো পন্য অবশিষ্ট ছিলো।

তারা দ্রুত ডিলারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ভবিষ্যতে সুশৃঙ্খল ও স্বচ্ছভাবে টিসিবির পণ্য বিতরণের দাবি জানিয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন ভুক্তভোগীরা।

এবিষয়ে টিসিবির পণ্য বিতরণের ট্যাগ অফিসার আতিকুর রহমান বলেন, টিসিবির পণ্য বিতরণের বিষয়ে আমাকে কেউ কিছু বলেনি, পন্য বিতরণ হবে এ বিষয়ে আমি জানতাম না। অবশিষ্ট যে পন্যগুলো রয়েছে সেগুলো আগামী রবিবার বিতরণ করা হবে।

[redacted]

[redacted]

বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সহসভাপতি সোলেমান মল্লিক, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সহসভাপতি মহিউদ্দিন, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, জেলা যুবদলের সাধারণ সম্পাদক সাইফুর রহমান ঝন্টু, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, জেলা ছাত্রদলের সভাপতি শাজাহান খান, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসেন বাবু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন, সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিকসহ হাউলী ইউনিয়নের বিএনপির নেতৃবৃন্দ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান।

সভায় বক্তারা বলেন, এলাকার বিভিন্ন রাস্তা-ঘাট দীর্ঘদিন ধরে অযত্নে পড়ে আছে। বিশেষ করে চৌধুরীপাড়া, তারিনিপুর, ডুগডুগিসহ আশপাশের এলাকার কৃষকরা ফসল পরিবহনে ভোগান্তিতে পড়ছেন। এ সমস্যা সমাধানসহ জনগণের অধিকার ফিরিয়ে আনতে বিএনপির প্রার্থীকে বিজয়ী করার আহ্বান জানান বক্তারা।

পথসভা শেষে প্রধান অতিথি মাহমুদ হাসান খান বাবু দামুড়হুদা পুড়াপাড়া সার্বজনীন শ্রীশ্রী রাধামাধব মন্দিরে নামযজ্ঞ অনুষ্ঠানে যোগ দেন এবং হিন্দু সম্প্রদায়ের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পরে একে একে জয়রামপুর ইয়ুথ ক্লাব, ডুগডুগি, ছোট দুধপাতিলা ও বড় দুধপাতিলা গ্রামে ধারাবাহিকভাবে নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় হাউলী ইউনিয়নে

মহিলা দলের কর্মীসভা

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে ৩নং ওয়ার্ড জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা সাড়ে ৪টার সময় জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে হাউলী ইউনিয়ন বিএনপির উদ্যোগে ৩নং ওয়ার্ড মহিলা দলের এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

জাতীয়তাবাদী মহিলা দলের নেত্রী ও হাউলী ইউপি সদস্য রওশনারা রাণী’রসভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী। মহিলা দলের কর্মী সভায় প্রধান অতিথি রফিকুল হাসান তনু বলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও বিজিএমইএ’র সভাপতি মাহমুদ হাসান খাঁন বাবু আগামী জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসন থেকে বিএনপির হয়ে ধানের শীষ প্রতীক নিয়ে ভোটযুদ্ধে অংশগ্রহণ করবেন। আমাদের সবাইকে এখনই সংগঠিত হতে হবে এবং বাবু ভাইয়ের পাশে থেকে ধানের শীষের বিজয় নিশ্চিত করতে হবে। এই সংগ্রাম শুধু একজন প্রার্থীর নয়, এটি গণতন্ত্র ও মানুষের অধিকারের লড়াই।

অনুষ্ঠানে প্রধান বক্তা ইউসুফ আলী বলেন, আজকের এই কর্মীসভা আমাদের দলকে নতুন করে ঐক্যবদ্ধ ও সংগঠিত হওয়ার বার্তা দিচ্ছে। সামনে জাতীয় নির্বাচন—এই নির্বাচন হবে গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াই। আমরা নেতা-কর্মীরা যদি একসাথে কাজ করি, তাহলে অন্যায়-অবিচারের বিরুদ্ধে জনগণের জয় নিশ্চিত হবে। নারী কর্মীরাই মাঠে থেকে বিএনপির শক্তি হিসেবে কাজ করছে, তাই প্রত্যেক মহিলাকর্মীকেই এখন আরও সাহসী ভূমিকা নিতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, উপজেলা বিএনপির অন্যতম নেতা রোকনুজ্জামান তোতাম, শামসুল হক, হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী।

সভায় বক্তারা আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে দলের প্রার্থীর পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান এবং গণতন্ত্র পুনরুদ্ধারে মহিলা দলের অগ্রণী ভূমিকার কথা তুলে ধরেন। এসময় কর্মীসভায় আরও উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সহসভাপতি মহিউদ্দিন,

সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, ৩নং ওয়ার্ড বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি আবু হাসান, সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, যুগ্ম সম্পাদক হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা। উপস্থিত ছিলেন উপজেলা মহিলা দলের সদস্য সালেহা বেগম, মহিলা নেত্রী রাবেয়া বেগম, বিথী সিদ্দিকী সহ ওয়ার্ড বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

শেষে উপস্থিত নেতা-কর্মীদের অংশগ্রহণে দলের শক্তিশালী সংগঠন গড়ে তোলার অঙ্গীকারের মধ্য দিয়ে কর্মীসভা সমাপ্ত হয়। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে বিনামূল্যে ভিডাব্লিউবি’র চাল বিতরণ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে “স্বনির্ভরতার জন্য সহায়তা” মূলনীতির আওতায় ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির অংশ হিসেবে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়নে বিনামূল্যে চাল বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

২০২৫-২০২৬ চক্রের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ৩৭৪ জন উপকারভোগীর প্রত্যেককে ৩০ কেজি করে চাল প্রদান করা হচ্ছে। আজ মঙ্গলবার সকাল ১০টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এই কর্মসূচির উদ্বোধন করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী। এছাড়াও উপস্থিত ছিলেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন জামায়াতের আমির ওবায়দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, সহিদুল ইসলাম, আব্দুল হান্নান পটু, রিকাত আলী সহ অন্যান্য ইউপি

সদস্য, উপকারভোগী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রথম দিনে ১ থেকে ৫ নম্বর ওয়ার্ডের ২০৯ জন উপকারভোগীদের মাঝে চাল বিতরণ সম্পন্ন হয়। আগামী বৃহস্পতিবার ৬ থেকে ৯ নম্বর ওয়ার্ডের ১৬৫ জন উপকারভোগীদের মাঝে চাল বিতরণ করা হবে।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাউলী ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহ-সভাপতি মহিউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, হাউলী ইউনিয়ন ছাত্রদল নেতা নয়ন, আলিফ, কুরবান, আশরাফুল, আশিক, সজিবুল, হাবিব, রানা, অপু, সাব্বির, মাহাতাব, আকাশ, রাব্বি, লিটন, সিজান, স্বপন, অন্তর, রাজু, নূরালি, সোহান, ওবায়দুল্লাহসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক তানজিল হাসান তামিম ও সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

পরে বিকাল সাড়ে ৫টার সময় হাউলী ইউনিয়ন বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে সরকারি শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার দেওয়া ৮০ পিচ সরকারি শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে। আজ রবিবার সকাল ১১ টার সময় ইউনিয়ন পরিষদ চত্বরে এই শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী।

ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব মনিরুজ্জামান, ইউপি সদস্য রিকাত আলী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, উপকারভুগী সদস্য সহ পরিষদের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে সরকারি শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল হতে ১৭১ জন শীতার্তদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৯ ডিসেম্বর) সকাল সাড়ে ১০ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে বৃদ্ধ পুরুষ-মহিলা

ও প্রতিবন্ধীদের মাঝে এসব শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা, হাউলী ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি শফিউর রহমান, ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৫নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, রিকাত আলী, সেলিম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

৭০ বছর বয়সী সাহাজান আলী গায়ে কম্বল জড়িয়ে তার অনুভূতি প্রকাশ করে বলেন, এই শীতে হাউলী ইউনিয়ন পরিষদ থেকে একটি কম্বল পেয়েছি, আমার খুবই উপকার হলো। শীতে নতুন কাপড় কেনার মতো সামর্থ্য আমার নেই। সরকারি এই কম্বল টা এবার শীতে আমার কাছে একমাত্র সম্বল।

কম্বল বিতরণ কালে হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী বলেন, গেলো এক সপ্তাহে চুয়াডাঙ্গা জেলায় সত্যপ্রবাহ চলছে, সর্বনিম্ন তাপমাত্রা হয়েছে বেশ কয়েকবার। এটা শীত প্রবন এলাকা, এই প্রথম শীতকালে সঠিক সময়ে শীতবস্ত্র বিতরণ হয়েছে। তবে ইউনিয়নে মানুষের তুলনায় কম্বল যা বরাদ্দ এসেছে তা প্রয়োজনের তুলনায় একেবারেই কম ও অপ্রতুল।

হাউলী ইউনিয়নে মোট ১৭১ জন গরীব অসহায় মানুষের মাঝে প্রধান উপদেষ্টার দেওয়া শীতবস্ত্র কম্বল সুন্দর ভাবে বিতরণ করা হয়েছে।

ছাত্রলীগকে নিষিদ্ধ করায় দামুড়হুদার হাউলী ইউনিয়নে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]